



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১১/০১/২০১৭

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নবনির্মিত পুলিশ ক্যাম্প উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন হলো নবনির্মিত পুলিশ ক্যাম্প। অদ্য ১১ জানুয়ারী সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক এবং বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি) এর কমিশনার জনাব এস এম রহুল আমিন ফিতা কেটে নবনির্মিত বরিশাল বিশ্ববিদ্যালয় পুলিশ ক্যাম্প উদ্বোধন করেন। উদ্বোধন শেষে মাননীয় উপাচার্য ও পুলিশ কমিশনার মহোদয় গার্ড অব অনার গ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (ডিসি সাউথ) গোলাম রফিউ খান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. হুমায়ুন কবির, প্রষ্টর মো. শফিউল আলম, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট ও শিক্ষক সমিতির সভাপতি মো. আব্দুল কাইউম, নিবার্হী প্রকৌশলী মো. মুরশীদ আবেদীন, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমণ্ডলী, সহকারী প্রষ্টরবৃন্দ, দণ্ডের প্রধানগণ, বিভিন্ন পরিষদের নেতৃবৃন্দসহ অন্যান্যরা। উল্লেখ্য বরিশাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ৬ বছরেও ক্যাম্পাসে কোন পুলিশ ক্যাম্প ছিল না, ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা বিবেচনায় মাননীয় উপাচার্য মহোদয় ও বরিশাল মেট্রোপলিটন পুলিশের প্রচেষ্টায় পুলিশ ক্যাম্পটি চালু হলো। উপাচার্য মহোদয়ের নির্দেশনায় বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল দণ্ডের তত্ত্বাবধানে পুলিশ ক্যাম্পের এ ভবনটি নির্মিত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রূমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)